তারিখ 20 FEB 2016
পৃঃ 6 কলাম 1

সংবাদ

# সৌদিতে শাখা খুলবে বিশ্বের নামকরা বিশ্ববিদ্যালয়গুলো

সংবাদ ডেস্ক

বিশ্বের শীর্ষ ১০৫ বিশ্ববিদ্যালয়ের শাখা খোলা হবে সৌদি আরবে। কয়েক সপ্তাহের মধ্যেই এ বিষয়ে দেশটির শিক্ষা মন্ত্রণালয় একটি প্রজ্ঞাপন জারি করবে। আরব নিউজ থেকে এ তথ্য জানা গেছে।

এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলো নিজ নাম ব্যবহার করে কার্যক্রম চালাতে পারবে। সৌদি নাগরিকরাও বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষক হতে পারবেন। এতে করে দক্ষতার বিনিময় সম্ভব হবে। সৌদি শাখায় বিশ্ববিদ্যালয়গুলোকে অবশ্যই ইসলামিক স্টাডিজ ও আরবি পড়াতে হবে। একই সঙ্গে এগুলোকে সৌদি আরবের রীতিনীতি মানতে হবে। ছেলেমেয়েদের জন্য আলাদা শাখা থাকতে হবে।

তেল উৎপাদন হ্রাস করবে না সৌদি

এদিকে বিশ্বের সর্ব বৃহৎ তেল উৎপাদনকারী দেশ সৌদি আরব তেল উৎপাদন হ্রাসে প্রস্তুত নয় বলে গত বৃহস্পতিবার দেশটির পররাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন। সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী আব্দেল আল-জুবেইর বলেন, 'অন্যান্য উৎপাদনকারীরা যদি তেল উৎপাদন হ্রাস বা বন্ধ করতে সম্মত হয়ে তবে তা বাজারে প্রভাব ফেলতে পারে। কিন্তু শুধু সৌদি আরব একাই তেল উৎপাদন হ্রাসে প্রস্তুত নয়।' এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'তেল ইস্যুটি বাজারের সরবরাহ ও চাহিদার ওপরে নির্ভর করবে। সৌদি আরব তেলের বাজারে তার হিস্যা সুরক্ষিত রাখবে এবং আমরা তাই বলেছি।' সৌদি আরব ও অন্যান্য ওপেক উৎপাদকরা তেল উৎপাদনের প্রস্তাবটিতে সম্মত হয়নি। বিশেষত মার্কিন তেল কোম্পানি শেলকে তেলের বাজার থেকে বের করে দিতেই এই প্রস্তাব দেয়া হয়। ২০১৪ সালের মাঝামাঝি সময় থেকে এ পর্যন্ত তেলের দাম ৭০ শতাংশ পর্যন্ত নেমে যায়। সৌদি আরব ও রাশিয়া বলেছে, তারা তেল উত্তোলন কমাবে যদি অপরাপর উত্তোলকরাও একই পদক্ষেপ নেয়। এএফপি, আরব নিউজ।